



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-অ/১৩৫/শরীয়ত/১২৩৬

তারিখ: ২৬/৫/১৯

বিষয়: পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.১৪৪ তারিখ: ২৭/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলায় অবস্থিত 'আলহাজ্ব সফুরা বেগম মহিলা কলেজ' এ ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

- ১। মানবিক
- ২। ব্যবসায় শিক্ষা
- ৩। বিজ্ঞান

বিষয়সমূহ:

আবশ্যিক:

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক:

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। সমাজ কর্ম
- ৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৪। ইসলাম শিক্ষা
- ৫। অর্থনীতি
- ৬। সমাজ বিজ্ঞান
- ৭। কৃষি শিক্ষা
- ৮। গার্হস্থ্য বিজ্ঞান

ব্যবসায় শিক্ষা :

- ১। হিসাববিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
- ৪। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

বিজ্ঞান:

- ১। রসায়ন বিজ্ঞান
- ২। জীব বিজ্ঞান
- ৩। পদার্থ বিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত


শর্তসমূহ:

১. শিক্ষক/জনবলের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে;
২. আগামী ০৩(তিন) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে না পারলে একাডেমিক স্বীকৃতি বাতিল বলে গণ্য হবে;
৩. ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
৪. কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
৫. উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নিজের হিসেবে বিবেচিত হবে না;
৬. সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
৭. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
৮. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
৯. এই অনুমতির মেয়াদ আগামী ৩ (তিন) বছর কার্যকর থাকবে;
১০. অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

১১. শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করতে হবে;
১২. কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
১৩. কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে;
১৪. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;
১৫. প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
১৬. উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ৫০ জন ব্যবসায় শিক্ষা শাখায় ৫০ জন বিজ্ঞান শাখা ৫০ জন, জিপিএ-১.০০, শিফট-ডে;
১৭. উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে;
১৮. শিক্ষাবর্ষ (২০১৯-২০২০) হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে ছাত্রী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে;
১৯. প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
 - (গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ;

চেয়ারম্যানের আদেশক্রমে


২৮.০৫.১৯

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আলহাজ্ব সফুরা বেগম মহিলা কলেজ

গোসাইরহাট, শরীয়তপুর।

মেমো নং- ৮২৩ (৬)

তারিখ: ২৮/৫/১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, শরীয়তপুর
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। অফিস কপি


২৮.০৫.১৯

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

